গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির জুন/২৩মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ মঈনুল হক
তারিখঃ ১৫-০৬-২০২৩ খ্রিঃ
সময়ঃ বিকাল- ৩.০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর ।

সভাপতি অংশগ্রহণকারী সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার ,নগরকান্দা ,ফরিদপুরকে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর তিনি সভার কার্যপত্র অনুসারে আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১।সার পরিস্থিতি পর্যালোচনাঃ<br>সদস্য সচিব, সভাকে জানান যে, জুন/২৩ মাসে ২০৮ মেঃ টন ইউরিয়া, ৪৩ মেঃ টন টিএসপি, ১১৫ মেঃ টন ডিএপি, ৩২ মেঃ টন এমওপি সার বরাদ্দ পাওয়া গিয়েছে। যা ০৯ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভা বিসিআইসি ও বিএডিসি ডিলারদের মাধ্যমে উত্তোলিত হচ্ছে। | ডিলারগন যাতে বরাদ্দকৃত সার সঠিক ভাবে উত্তোলন করেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। কোন অনিয়ম দেখা গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর। |
| ২। সার ডিলারদের শৃংখলা/ বিধি ভঙ্গঃ<br>** সদস্য সচিব, সভাকে জানান যে, মেসার্স মাহতাব ট্রেডার্স, প্রোঃ ছিদ্দিকুর রহমান, দক্ষিণ রসুলপুর বাজার, তালমা বিএডিসি ডিলারকে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে গত সভায় উপস্থিত থাকার নিমিত্তে নোটিশ প্রদান করা হয়।কিন্তু সে কাউকে অবহিতকরণ ব্যাতিরেকে সভায় অনুপস্থিত থাকায় আবার তাকে কারন দর্শানোর নোটিশ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।নোটিশ নিয়ে যাওয়ার পর সে তা গ্রহন করবে না বলে জানিয়ে দেয় এবং সে বিগত মে মাসের সারের আগমণী বার্তা অফিসে জমা দেননি। তার এ ধরনের ব্যবহার আচরণ বিধি ভঙ্গের সামিল। | মের্সাস মাহতাব ট্রেডার্স, প্রোঃ ছিদ্দিকুর রহমান, দক্ষিণ রসুলপুর বাজার, তালমা বিএডিসি ডিলারকে উপজেলা চেয়ারম্যান,উপজেলা ভাইস চেয়ারম্যান এবং বিএফএ এর সভাপতি তাদের দয়িত্বে নিয়ে আলাপ আলোচনা করে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান,উপজেলা ভাইস চেয়ারম্যান এবং বিএফএ এর সভাপতি। |
| **ওদুত পোড়া, পিং-মৃত মোতালেব পোড়া গ্রাম-শ্রাংগাল, ইউনিয়ন-ডাংগী ।সে শংকর পাশা বাজারের একজন খুচরা সার বিক্রেতা। সে বিগত কয়েক মাস ধরে সার উত্তোলন করে না মর্মে তাকে নোটিশ দেয়া হয়েছিল এবং সে তার জবাবও দিয়েছে। আগামী মাস থেকে সে নিয়মিত সার উত্তোলন করবেন বলেছে। | **ওদুত পোড়া, পিং-মৃত মোতালেব পোড়া গ্রাম-শ্রাংগাল, ইউনিয়ন-ডাংগী । তাকে আগামী এক মাস পর্যবেক্ষণে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর। |
| ** মমতা রানী মজুমদার,স্বামী- মৃত দীপক চন্দ্র মজুমদার ,গ্রাম- বিলগোবিন্দপুর, ইউনিয়ন- ডাংগী। সে বিলগোবিন্দপুর বাজারের | মমতা রানী মজুমদার,স্বামী- মৃত দীপক চন্দ্র মজুমদার ,গ্রাম- বিলগোবিন্দপুর, ইউনিয়ন- | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, |

CamScanner

| | | |
|---|---|---|
| একজন খুচরা সার বিক্রেতা। তার আর্থিক অসচ্ছলতার কারনে ব্যবসা পরিচালনা করতে না পারায় উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির জামানত তহবিলে জমাকৃত ৩০,০০০/- টাকা ফেরত চেয়ে আবেদন করেছেন। | ডাংগী।তার আবেদনের প্রেক্ষিতে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির জামানত তহবিলে জমাকৃত ৩০,০০০/-টাকা ফেরত দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | নগরকান্দা, ফরিদপুর। |
| **৩। বীজ ব্যবসায়ী প্রসঙ্গঃ**<br>সদস্য সচিব, সভাকে জানান যে, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে নিবন্ধন কৃত বীজ ব্যবসায়ী থেকে দুই জন বীজ ব্যবসায়ীকে সদস্য করার নির্দেশনা রয়েছে। তাই নিবন্ধন কৃত বীজ ব্যবসায়ী তালিকা থেকে দুই জনকে নির্বাচন করার অনুরোধ জানান। | সকল সদস্যদের মতামতের ভিত্তিতে জেলা বীজ প্রত্যয়ন এজেন্সী এবং বিএডিসি এর নিকট থেকে হাল নাগাদকৃত বীজ ব্যবসায়ীগণের তালিকা সংগ্রহ পূর্বক দুই জন বীজ ব্যবসায়ীকে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য করার জন্য মোঃ হারুন-অর-রশিদ, সভাপতি বিএফএ, নগরকান্দা, ফরিদপুর কে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মোঃ হারুন-অর-রশিদ, সভাপতি বিএফএ, নগরকান্দা, ফরিদপুর |
| **৪।বিবিধঃ**<br>সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। | প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা, ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নগরকান্দা ,ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা কৃষিঅফিসারেরকার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।
www.dae.nagarkanda.faridpur.gov.bd

স্মারকনং- ১২.১৮.২৯৬২.০৩৯.১৬.০০৫.২৩.৩৬৩ তারিখ ঃ ১৫/০৬/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-২

২. উপজেলা চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৩. উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।

৪. উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়, নগরকান্দা, ফরিদপুর।

৫. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৭. উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৯. থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

১০. বিএডিসির উপজেলাস্থ বীজ/সার সংসশ্লিষ্ট প্রতিনিধি।

১১. উপজেলাধীন সকল ইউপি চেয়ারম্যান।

১২. বিএফএ-এর প্রতিনিধি, নগরকান্দা ফরিদপুর।

১৩. উপজেলা পরিষদ মনোনিত কৃষক প্রতিনিধি।

১৪. সভাপতি/সাধারণ সম্পাদক প্রেসক্লাব/মডেল প্রেসক্লাব, নগরকান্দা।

১৫/০৬/২৩

(তিলোক কুমার ঘোষ)
উপজেলা কৃষি অফিসার
নগরকান্দা, ফরিদপুর।
ইমেইলঃuaonagarkanda@dae.gov.bd

CamScanner

১৫-০৬-২০০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা –

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ মনিরুজ্জামান সরদার | উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ২ | মোঃ চুন্নু শেখ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৩ | তিলোক কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৪ | মিয়া মোঃআরিফুল আজম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৫ | মোহাম্মদ সাইফুল ইসলাম | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৬ | আবদুল্লাহিল আবরার | উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ হারুন অর রশিদ | বিএফএ, প্রতিনিধি, নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |

CamScanner